

## পাওনাদার মারা গেলে তার পাওনা টাকার ব্যাপারে করণীয় কী?

### প্রশ্ন:

পাওনাদার মারা গেলে তার পাওনা টাকার ব্যাপারে করণীয় কী?

এক লোক আমার কাছে কিছু টাকা পেতেন। আমি তাকে টাকাটা দিতে পারিনি। এরই মধ্যে তিনি ইস্তিকাল করেন। এখন তার পাওনা টাকাটার ব্যাপারে আমার করণীয় কী?

প্রশ্নকারী- ফারহান ভূইয়া

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والصلاة والسلام على رسول الله، أما بعد:

এক্ষেত্রে আপনার কর্তব্য হলো, পাওনাদারের ওয়ারিশদের নিকট উক্ত টাকা পৌঁছে দেয়া। যতক্ষণ পাওনাদারের ওয়ারিশদের কাছে পৌঁছানোর সুযোগ আছে ততক্ষণ ভিন্ন কোনো সুযোগ নেই। হ্যাঁ, যদি ওয়ারিশদের পরিচয় জানা না থাকে বা সর্বোচ্চ চেষ্টা সত্ত্বেও খুঁজে বের করা সম্ভব না হয়, তাহলে ওই সম্পদ মালিকের পক্ষ হতে সাদাকা করে দিতে হবে। ইবনে আবিদিন শামি রহ. (১২:৫২ হি.) বলেন,

وإن لم يجد المديون ولا وارثه صاحب الدين ولا وارثه فتصدق المديون أو وارثه عن صاحب الدين برئ في الآخرة - رد المحتار، ج: 4، ص: 283؛ الناشر:

دار الفكر - بيروت

“যদি দেনাদার বা তার ওয়ারিশরা পাওনাদার বা তার ওয়ারিশদের না পায়, তাহলে দেনাদার বা তার ওয়ারিশরা পাওনাদারের পক্ষ থেকে দান করে দিলে আখেরাতে দায়মুক্ত হবেন।” –রদুল মুহতার: ৪/২৮৩  
আরও বিস্তারিত জানতে ১৫৯ নং ফতোয়াটি দেখুন: [‘বান্দার হক ফিরিয়ে না দিয়ে দান করে দিলে কি দায়মুক্ত হওয়া যাবে?’](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৫-১২-১৪৪২ হি.

২৬-০৭-২০২১ ইং

